



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

www. Sylhetboard.gov.bd, sylschoolsection.@gmail.com



স্মারক নং : সিশিবো/বিদ্যা/মাধ্য/রেজিঃ/নবম/ ২০২৩/২২৪১

তারিখঃ ১৯ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ
০৩ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে নবম শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইন (online) রেজিস্ট্রেশন ও ফি জমাদান প্রসঙ্গে।

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় ও মাধ্যমিক শ্রেণিযুক্ত মহাবিদ্যালয়ের প্রধানগণকে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের নবম শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণপূর্বক অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম বর্ণিত সময়সূচি অনুযায়ী সম্পাদনের জন্য অনুরোধ করা হলো।

নির্দেশাবলী:

- মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর ওয়েব সাইটে e-SIF লিংকে Log in করে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পাদন করতে হবে;
- রেজিস্ট্রেশনের জন্য বিগত বছরের এস. এস. সি. ফরম পূরণের জন্য প্রযোজ্য log in password ব্যবহার করতে হবে;
- শিক্ষার্থীদের ছবি Upload করার সময় খুবই সতর্কতা অবলম্বন করতে হবে যাতে একজনের ছবির পরিবর্তে অন্যজনের ছবি Upload না হয়;
- নিজ শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থী ব্যতীত অন্য কোন শিক্ষার্থীকে কোন অবস্থাতেই রেজিস্ট্রেশনভুক্ত করা যাবে না। যদি এর ব্যত্যয় ঘটে তাহলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে;
- রেজিস্ট্রেশন সংক্রান্ত ফি এর টাকা সোনালী ব্যাংকের যে কোন শাখায় “সোনালী সেবার” মাধ্যমে জমা দিতে হবে;
- যেহেতু বিলম্ব ফি দিয়ে অনলাইন রেজিস্ট্রেশনের সুযোগ নেই তাই নির্ধারিত সময়ের মধ্যেই শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- অনলাইনে রেজিস্ট্রেশন শুরুর তারিখঃ ০৭/০৯/২০২৩ খ্রি.
শেষ তারিখঃ ০৪/১০/২০২৩ খ্রি.
- ব্যাংকে টাকা জমাদানের তারিখঃ ০৫/১০/২০২৩ তারিখের মধ্যে
- নিশ্চায়নের (Finalization) তারিখঃ ০৯/১০/২০২৩ খ্রি.
- রেজিস্ট্রেশন সংক্রান্ত খাতওয়ারী ফি এর হার নিম্নরূপঃ

১. রেজিস্ট্রেশন ফি (শিক্ষার্থী প্রতি)-----	৬৫.০০
২. ক্রীড়া ফি (শিক্ষার্থী প্রতি) -----	৫০.০০
৩. রেড ক্রিসেন্ট ফি (শিক্ষার্থী প্রতি)-----	১৬.০০
৪. অন্ধকল্যাণ ফি (শিক্ষার্থী প্রতি) -----	০৫.০০
৫. বয় স্কাউট/গার্লস গাইড ফি -----	১৫.০০
৬. বিজ্ঞান ও প্রযুক্তি ফি (শিক্ষার্থী প্রতি) -----	০৫.০০
৭. বি এন.সি.সি ফি (শিক্ষার্থী প্রতি) -----	০৫.০০
৮. উন্নয়ন ফি (শিক্ষার্থী প্রতি) -----	৫০.০০
৯. জাতীয় স্কুল ক্রীড়া এ্যাফিলিয়েশন ফি (প্রতিষ্ঠান প্রতি) -----	৩০০.০০
১০. স্কাউট ফি প্রতিষ্ঠান প্রতি(শুধু মাত্র এক বছরের জন্য)-----	৫০০.০০

** শিক্ষার্থী প্রতি সর্বমোট -----২১১/= (দুইশত এগার) টাকা।

উল্লেখ্য, ব্যাংকে সোনালী সেবার মাধ্যমে টাকা জমাদানের মূলকপি ও e-SIF মূল প্রিন্ট কপি (হার্ড কপি) প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে; বোর্ডে জমা দিতে হবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(মোহাম্মদ মঈনুল ইসলাম) ০৬.০৯.২০২৩

বিদ্যালয় পরিদর্শক


মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট

প্রাপক: অধ্যক্ষ / প্রধান শিক্ষক

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাধ্যমিক বিদ্যালয়
ও মাধ্যমিক শ্রেণিযুক্ত মহাবিদ্যালয় (সরকারি ও বেসরকারি)।

অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক কর্পোরেট শাখা, সিলেট।
২. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৩. হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৪. জেলা শিক্ষা অফিসার, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৬. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।



(মোঃ জাহাঙ্গীর আলম)
সহকারি বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।